

Mob. : 9831188739

ESTD. - 2003

LIFE FRONT OF HUMAN RIGHTS



A society is pursuit of freedom & joy of life.

Regd. No. - S/1L/59288/09

Email-life front @ indiatimes. com.

Regd. & Head office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S. - SANKRAIL
HOWRAH - 711302 (W.B.)

(1)

Ref. No. 0/15/11

Date.....18.8.2011

মাননীয়,

রাজ্যপাল (পশ্চিমবঙ্গ)

রাজভবন , কলকাতা - ১

বিষয় :- রাজ্যের আইন শৃঙ্খলার অবনতি এবং মানবাধিকার
রক্ষার্থে রাজ্য মানবাধিকার কমিশনের অসহায়তার কারণে
প্রশাসনের ভূমিকার অধিগ্রহণ।

মহাশয়,

প্রথমে জানাই পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসাবে আপনাকে আমার আন্তরিক অভিনন্দন ও
ভালোবাসা। আমি শ্রী সৌমেন দাস 'লাইফ ফ্রন্ট অফ হিউম্যান রাইটস'-এর সর্বভারতীয়
সাধারণ সম্পাদক।

আপনার কাছে আমার বিনীত নিবেদন এই যে, পশ্চিমবঙ্গ রাজ্য মানবাধিকার
কমিশনের কোন স্থায়ী চেয়ারম্যান নেই এবং সুপ্রীমকোর্টের আদেশ থাকা সত্ত্বেও প্রতিটি থানায়
মানবাধিকার সংক্রান্ত নির্দেশিকা টাঙানো হয়নি। এই বিষয়ে আপনাকে ২১.০৬.২০১১ তারিখে
Ref. no. - 0/11/11 একটি পত্র পাঠিয়েছিলাম। গত ২৬.০৫.২০১১ তারিখে একই বিষয়ে
মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা ব্যানার্জী -কেও পাঠানো হয়। আপনার এবং ওনার পত্রের কোন উত্তর
আমি আজও পাই নাই। রাজ্যের মুখ্যমন্ত্রী রাজ্য ও কলকাতা পুলিশের বিভিন্ন স্তরের বেশ কিছু
অদল বদল ঘটিয়েছেন, কিন্তু তাতে রাজ্যের আইনশৃঙ্খলার কোনো পরিবর্তন হয় নাই। বরং
রাজনৈতিক হিংসার ঘটনা ও অপরাধের মাত্রা ক্রমশ বেড়েই চলেছে। রাজ্য মানবাধিকার

ক্রমশ

ESTD. - 2003

LIFE FRONT OF HUMAN RIGHTS



A society in pursuit of freedom & joy of life.

Regd. No. - S/1L/59288/09

Email-life front @ indiatimes. com.

Regd. & Head office :

ANDUL PURBAPARA, ANDUL-MOURI, P.S. - SANKRAIL
HOWRAH - 711302 (W.B.)

(2)

Ref. No. ...কমিশন নিষ্ক্রিয় হয়ে পড়ায় আমাদের মত মানবাধিকার সংগঠন গুলিও ~~সিদ্ধ~~ কাজকর্ম.....20

করিতে পারিতেছে না, ফলে মুখ্যমন্ত্রী রাজ্য প্রশাসনের যতই অদল-বদল করুন না কেন মানবাধিকার কমিশন ও সংগঠনগুলির নিষ্ক্রিয়তার ফলে প্রশাসনিক চাপ কমেই যাচ্ছে। নিরাপত্তার দোহাই দিয়ে বিভিন্ন ভাবে মানবাধিকার লঙ্ঘন করেই চলেছে প্রশাসনিক মহলা। এ ব্যাপারে আপনার দৃষ্টি গোচর করা একান্তই প্রয়োজন। মানবাধিকার রক্ষার প্রতি বিশেষ যত্নশীল হতে হবে সেনাবাহিনীকেও। মানবাধিকার লঙ্ঘনকারীর বিরুদ্ধে বিশেষ শাস্তির ব্যবস্থা নিতে হইবে। এবং মানবাধিকার সংগঠনগুলি যেন বিভিন্ন বিষয়ে নজর রাখে এবং কোনভাবেই নিরাপত্তার দোহাই দিয়ে মানবাধিকার লঙ্ঘন করা যাইবে না। এই বিষয়ে নিয়ে গত রবিবার ১৪ই আগস্ট ২০১১ তারিখে স্পষ্ট জানিয়ে দিলেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী এ. কে. অ্যান্টোনি।

রাজ্যের রাজ্যপাল হওয়ার দরুন আপনাকে এ বিষয় শক্ত হাতে কড়া পদক্ষেপ লইতে হইবে এবং রাজ্যের মুখ্যমন্ত্রীকে রাজ্যের আইন শৃঙ্খলার বিষয় যত্ন সহকারে কড়া ব্যবস্থা নেওয়া এবং মানবাধিকার কমিশনের ও মানবাধিকার সংগঠন গুলির উপর বিশেষ নজর রাখার ব্যাপারে অবগত করিবেন, এই আশা কাম্য করি। দয়া পূর্বক ইহার কোন উত্তর পাইলে আপনার কাছে আমি বাধিত থাকিব। আপনার শরীর সুস্থ থাকুক ভগবানের কাছে এই কামনা করি।

ধন্যবাদান্তে

শুভানুধ্যায়ী
Saimen Das
সৈমেন দাস
সর্বভারতীয় সাধারণ সম্পাদক
ANDUL H. P. S.